৪৩

দৈনিক জনকণ্ঠ

তারিখ 16 FEB 1998
পৃষ্ঠা ৭ কলাম ৩

# প্রাথমিক শিক্ষার নববর্ষ উদ্‌যাপন আজ শুরু

আজ থেকে দেশে প্রাথমিক শিক্ষার নববর্ষ উদ্‌যাপিত হচ্ছে। প্রাথমিক শিক্ষা অধিদফতর এখন থেকে প্রতিবছর 'প্রাথমিক শিক্ষার নববর্ষ' উদ্‌যাপর্ন করবে। বিদ্যালয়কে শিশুদের নিকট আকর্ষণীয় করে তোলার জন্যই এই কর্মসূচীর উদ্দেশ্য। বিদ্যালয়

(১১ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## প্রাথমিক শিক্ষার

(প্রথম পাতার পর) গমনোপযোগী সকল শিশুকে স্কুলে ভর্তি, তাদের উপস্থিতি ও স্থিতি নিশ্চতকরণ এবং শ্রেণীকক্ষে সক্রিয় পাঠদান ও পাঠ গ্রহণ পদ্ধতির প্রসার এই কার্যক্রমের উদ্দেশ্য।

এ বছর ১৬ থেকে ১৮ ফেব্রুয়ারি এ কর্মসূচী পালনের সময় নির্ধারিত হয়েছে। উল্লেখ্য, পূর্বে এই কর্মসূচী ১৫ থেকে ১৭ ফেব্রুয়ারি নির্ধারিত ছিল। কর্মসূচীর প্রথম দিনে প্রতিটি বিদ্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন, ম্যানেজিং কমিটি কর্তৃক নবাগতদের মধ্যে নতুন পাঠ্যপুস্তক বিতরণ করা হবে। এই আয়োজনের মধ্যে আরও রয়েছে শিক্ষা উপকরণ প্রদর্শনী ও শিশু মেলা, অভিভাবক ও পিতামাতা এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে শিশু জরিপের ফল উপস্থাপন। এছাড়া স্কুলে ভর্তি, উপস্থিতি ও স্থিতি সম্পর্কে পর্যালোচনা সভারও আয়োজন করা হবে।

প্রাথমিক পর্যায়ে শিক্ষার গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে প্রতি জেলায় কর্মশালা এবং প্রস্তাবিত শিক্ষানীতির আলোকে জাতীয় পর্যায়ে সেমিনার আয়োজন করা হবে। খবর তথ্য বিবরণীর।